



বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়

সি এন্ড বি রোড, বরিশাল।

ফোনঃ ০৪৩১-৬৩৭৯৪ ই-মেইলঃ gmbarisal@krishibank.org.bd

বিভাগীয় কার্যালয়, বরিশালের নৈতিকতা কমিটির ১ম ত্রৈমাসিকের সভার কার্যবিবরণী।

বিভাগীয় কার্যালয়, বরিশালের গত ২৭.০৯.২০২২ খ্রিঃ তারিখের অফিস স্মারক নং-জিএম/বার/প্রশা-৬৬/২০২২-২০২৩/৬৮০ এর মাধ্যমে বিভাগীয় কার্যালয়, বরিশালের নৈতিকতা কমিটির সভা আহ্বান করা হয়। তার প্রেক্ষিতে, অদ্য ২৯.০৯.২০২০ খ্রিঃ তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় নৈতিকতা কমিটির সভা মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিসকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ

ক্রমিক নং	কমিটির পদবী	নাম ও অফিসিয়াল পদবী	কার্যালয়ের ঠিকানা
০১.	আহ্বায়ক ও সভাপতি	জনাব মোঃ সালাহউদ্দীন রাজীব মহাব্যবস্থাপক(দায়িত্বে)	বিকেবি, বিকা, বরিশাল
০২.	সদস্য	জনাব মোঃ মোহাম্মিনুর রহমান সহকারী মহাব্যবস্থাপক	
০৩.	সদস্য	মোঃ রেজাউর রহমান খান সহকারী মহাব্যবস্থাপক	
০৪.	সদস্য-সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা	জনাব মোহাম্মদ জাহিদ হাসান সহকারী প্রোগ্রামার	

০২। সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার কার্যসূচী অনুযায়ী অত্র কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ১ম ত্রৈমাসিক পর্যন্ত বাস্তবায়ন সম্পর্কে আলোচনা করা হয়।

সভার সদস্য-সচিব ১ম ত্রৈমাসিকের অগ্রগতি সভায় তুলে ধরেন। বিভিন্ন কর্ম-পরিকল্পনার মধ্যে বাস্তবায়িত কার্যক্রম নিম্নরূপঃ


১. ১ম কোয়ার্টারে নৈতিকতা কমিটির সভা আহ্বান করা হয়।
২. অত্র কার্যালয়ের ২০২২-২০২৩ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ০৪-০৭-২০২২ খ্রি তারিখে ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে।
৩. মহিলাদের জন্য আলাদা ওয়াশরুম ও নামাজর স্থান প্রস্তুত করা হয়।
৪. শাখায় সিসি ক্যামেরা স্থাপন চলমান রয়েছে।
৫. সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত রেজিস্টার সংরক্ষণ চালু করা হয়।

০৩। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২২-২০২৩ এর ২য়, ৩য় ও ৪র্থ কোয়ার্টারে কর্ম পরিকল্পনা বাস্তবায়নের জন্য নৈতিকতা কমিটি ১ম ত্রৈমাসিক সভায় নিম্নে উল্লেখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

০১. ২য় ও ৪র্থ কোয়ার্টারে সুসামান্য প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে একটি করে মোট ২ টি সভা আয়োজন ও সিদ্ধান্ত বাস্তবায়ন।
০২. ব্যাংক বিধি মোতাবেক অধীনস্থ অফিসসমূহ নিয়মিত মনিটরিং ও পরিদর্শন।
০৩. ৪র্থ কোয়ার্টারে একটি গণশুনানি আয়োজন।
০৪. প্রতিটি শাখাকে সিসি ক্যামেরার আওতায় নিয়ে আসা এবং শাখাসমূহের সার্বিক পর্যবেক্ষণ করা।
০৫. দুর্নীতি সংক্রান্ত অভিযোগ দ্রুত ও সুষ্ঠুভাবে তদন্ত ও নিষ্পত্তিকরণ।
০৬. বিভিন্ন অভিযোগ দ্রুত ও সুষ্ঠুভাবে তদন্ত ও নিষ্পত্তিকরণ।
০৭. কর্মপরিশেষে উন্নয়নে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ।

০৪। সভার সভাপতি মহোদয় ১ম ত্রৈমাসিকের অগ্রগতি পরিবীক্ষণ করে অগ্রগতি পরিবীক্ষণ প্রতিবেদন আকারে ব্যাংকের ওয়েবসাইটে আপলোডকরণের নির্দেশনা প্রদান করেন। ২য় ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রাসমূহ বাস্তবায়নে সকলকে সচেষ্ট হওয়ার নির্দেশনা প্রদান করেন।

০৫। পরিশেষে, সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।


২৭-০৯-২২


মোহাম্মদ জাহিদ হাসান
সহকারী প্রোগ্রামার
সদস্য-সচিব


২৭-০৯-২২

মোঃ রেজাউর রহমান খান
সহকারী মহাব্যবস্থাপক
সদস্য


২৭-০৯-২২

মোঃ মোহাম্মিনুর রহমান
সহকারী মহাব্যবস্থাপক
সদস্য


২৭-০৯-২২

মোহাম্মদ সালাহউদ্দীন রাজীব
মহাব্যবস্থাপক(দায়িত্বে)
সভাপতি

ও

শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা